

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhetdiv.gov.bd



জরুরি
সীমিত
তারিখ: ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২১

নম্বর ০৫.৪৬.০০০০.০০৬.১৪.০০২.২০.৪৭

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মুজিববর্ষ উপলক্ষ্যে ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান অনুষ্ঠানের প্রস্তুতিমূলক সভার নোটিশ।

মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০ জানুয়ারি ২০২১ তারিখে মুজিববর্ষ উপলক্ষ্যে ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুভ উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৩ জানুয়ারি ২০২১ তারিখ বুধবার সন্ধ্যা ৬:০০ ঘটিকায় এ বিভাগের আওতাধীন সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের সমন্বয়ে Zoom Application এ Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

০২। Video Conferencing এর মাধ্যমে উক্ত সভায় সংযুক্ত হওয়ার জন্য তার সিস্টেমে (মোবাইল বা ল্যাপটপ এ) Zoom Applicationটি install করার জন্য অনুরোধ করা হলো। Video Conferencing ব্যবস্থা চালু ও পরীক্ষা করার জন্য মূল সভা শুরুর ১৫ মিনিট পূর্বে সন্ধ্যা ৫:৪৫ ঘটিকায় উক্ত সভায় সংযুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

০৩। উক্ত সভায় সংযুক্ত হওয়ার জন্য Zoom Application Video Conferencing এর “Join Meeting” করার তথ্য নিম্নরূপ:

Meeting ID: 2078050124

Password: 123456

০৪। এমতাবস্থায়, স্ব-স্ব অবস্থান থেকে Zoom Application এ Video Conferencing এর মাধ্যমে উক্ত সভায় যথাসময়ে সংযুক্ত হওয়ার জন্য এবং আগামী ২০ জানুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে কতটি গৃহ এবং কবুলিয়তনামা হস্তান্তর করা হবে তার একটি হালনাগাদ উপজেলাওয়ারি তালিকা ১৩.০১.২০২১ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-১-২০২১

মেরিনা দেবনাথ

সহকারী কমিশনার

ফোন: ০৮২১-৮৪০৬৫০

ফ্যাক্স: ০৮২১-৮৪০০২০

ইমেইল:

divcomsylhetrevenue@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার (তঁার নিজ নিজ জেলার উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্ধারিত সময়ে সভায় সংযুক্ত হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট জেলা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ জেলা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ জেলা।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার জেলা।
- ৬) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮) স্টাটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, অতিরিক্ত কমিশনার (রাজস্ব) মহোদয়ের গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (অতিরিক্ত কমিশনার (রাজস্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য)।